

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯১৩

আগরতলা, ২১ ফেব্রুয়ারি, ২০২৪

মহারাজগঞ্জ বাজার পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ দুপুরে আগরতলার মহারাজগঞ্জ বাজার পরিদর্শন করেন। রাজ্যপাল মহারাজগঞ্জ বাজারে এসে পৌঁছালে তাঁকে স্বাগত জানান আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, আগরতলা পুরনিগমের সেন্ট্রাল জোনের চেয়ারম্যান কর্পোরেটর রত্না দত্ত ও অতিরিক্ত মিউনিসিপাল কমিশনার মোহম্মদ সাজ্জাদ পি। মহারাজগঞ্জ বাজার পরিদর্শনে এসে রাজ্যপাল সেন্ট্রাল বাজার কমিটি ও মহারাজগঞ্জ বাজারের বিভিন্ন ভেভার্স অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে মতবিনিময় করেন। সেন্ট্রাল বাজার কমিটি ও অন্যান্য ভেভার্স অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে কথা বলে রাজ্যপাল এই বাজারের বিভিন্ন পণ্যের পাইকারি ব্যবসা এবং বাজারের বিভিন্ন পরিকাঠামো সম্পর্কে অবহিত হন। মহারাজগঞ্জ বাজারের সেন্ট্রাল কমিটির সভাপতি স্বপন কুমার পাল বাজারের পরিকাঠামো ও বিস্তৃত তথ্য রাজ্যপালের কাছে তুলে ধরেন। এর পর রাজ্যপাল মহারাজগঞ্জ বাজারের সজি বাজার, মাছ বাজার, পাইকারি মাছের বাজার ও ফল বাজার পরিদর্শন করেন ও তাদের সাথে মতবিনিময় করেন। পরিদর্শনের সময় রাজ্যপাল এসমস্ত পণ্যের মূল্য সম্পর্কেও অবহিত হন। মহারাজগঞ্জ বাজার পরিদর্শনের সময় রাজ্যপাল সাংবাদিকদের সাথে কথা বলতে গিয়ে জানান, মহারাজগঞ্জ বাজারটি খুবই ভালো বাজার। এই বাজারে ব্যবসায়ীদের পণ্য বিক্রয় পদ্ধতি দেখতেই তিনি এসেছেন।
